



MICHIGAN DEPARTMENT OF
ENVIRONMENT, GREAT LAKES, AND ENERGY

FOR IMMEDIATE RELEASE

Dec. 1, 2020

Jill A. Greenberg, EGLE spokesperson, GreenbergJ@Michigan.gov, 517-897-4965

ইউএস ইকোলজি ডেট্রয়েট সাউথ-এর বিপজ্জনক বর্জ্য পরিচালনার লাইসেন্স নবায়নের আবেদনের অবস্থা নিয়ে আলোচনার জন্য EGLE একটি ভার্চুয়াল পাবলিক সভা নির্ধারণ করেছে

মিশিগান ডিপার্টমেন্ট অব এনভায়রনমেন্ট, গ্রেট লেকস, অ্যান্ড এনার্জি (EGLE) কমিউনিটির সদস্যদের ইউএস ইকোলজি ডেট্রয়েট সাউথ কর্তৃক জমা দেওয়া লাইসেন্স নবায়নের আবেদন, এবং EGLE এর লাইসেন্স পর্যালোচনা সম্পর্কে জানার সুযোগ করে দিতে একটি ভার্চুয়াল পাবলিক সভার আয়োজন করবে। EQ ডেট্রয়েট নামেও পরিচিত ইউএস ইকোলজি ডেট্রয়েট সাউথ হলো একটি লাইসেন্সধারী বিপজ্জনক বর্জ্য ব্যবস্থাপনা এবং সঞ্চয়ের স্থান যা ডেট্রয়েট-এর 1923 Frederick Street-এ অবস্থিত। COVID-19 মহামারীজনিত সীমাবদ্ধতার কারণে এই সভা ইলেক্ট্রনিকভাবে আয়োজন করা হবে।

বিপজ্জনক বর্জ্য সাইটগুলোর লাইসেন্স প্রতি ১০ বছর অন্তর নবায়ন করা বাধ্যতামূলক। এটি লাইসেন্সের সময় সাইট সম্পর্কিত তথ্যগুলোর নির্ভুলতা সুনিশ্চিত করার সুযোগ দেয়। নবায়ন প্রক্রিয়াটি EGLE-কে সাইটের তথ্য হালনাগাদ করার, কার্যক্রম পর্যালোচনা করার, এবং লাইসেন্স উন্নত করার সুযোগ দেয়। এছাড়াও এটি EGLE-কে লাইসেন্সের শর্তাবলি সুস্পষ্টভাবে জানিয়ে দেয়া, লাইসেন্সটি এবং এটি কমিউনিটিকে যে সুরক্ষা দেয় তা সমৃদ্ধ করার একটি সুযোগ দেয়। EGLE বর্তমানে ইউএস ইকোলজি ডেট্রয়েট সাউথ সাইটের আবেদনটি পর্যালোচনা করছে।

“EGLE আমাদের লাইসেন্স প্রদানের প্রক্রিয়ার স্বচ্ছতা নিশ্চিত করার স্বার্থে, আইনগত বিধিমালার উর্ধ্বে গিয়ে, আগেভাগে এবং প্রায়শ কমিউনিটির সঙ্গে সম্পৃক্ত হতে অঙ্গীকারবদ্ধ। এই প্রক্রিয়াজুড়ে কিভাবে আমরা কমিউনিটির সদস্যদের চাহিদাগুলো সবচেয়ে ভালভাবে পূরণ করতে পারি সে সম্পর্কে আমরা কমিউনিটির কাছ থেকে শুনতে চাই,” বলেছেন অ্যাল টেইলর, EGLE-এর ম্যাটেরিয়ালস ম্যানেজমেন্ট ডিভিশনের বিপজ্জনক বর্জ্য বিভাগের ম্যানেজার।

অনুগ্রহ করে সরাসরি EGLE কর্মীদের কথা শুনতে এবং আপনার প্রশ্নগুলোর উত্তর পেতে আমাদের সঙ্গে যোগ দিন। সভাটি ১০ ডিসেম্বর, ২০২০ তারিখ বৃহস্পতিবার সন্ধ্যা ৬টা থেকে শুরু হবে। এতে সাইটের কার্যক্রম এবং EGLE-র লাইসেন্স প্রদানের প্রক্রিয়া নিয়ে একটি প্রেজেন্টেশনের ব্যবস্থা করা হবে। এরপর EGLE কর্মীদের সঙ্গে একটি প্রশ্নোত্তর পর্ব থাকবে, এবং আবেদন নবায়ন এবং সাইটের কার্যক্রম তদারকির বিষয়ে আলোচনা করা হবে।

অংশগ্রহণে আগ্রহী ব্যক্তির প্রি-রেজিস্টার করতে পারবেন; রেজিস্ট্রেশন ছাড়া কেবল সভা শুরু হওয়ার পর যোগ দিন; অথবা ইন্টারনেট ব্যবহারের সুবিধা যাদের নেই তারা 213-787-0529 নম্বরে কল করে এবং কনফারেন্স কোড 881478 ব্যবহার করে ফোনে যোগ দিতে পারেন।

সভার আগেই আরও তথ্য জানতে অনুগ্রহ করে www.Michigan.gov/USEcologyDetroitSouth ঠিকানায় গিয়ে সাবস্কাইব করুন যাতে আপনি ইউএস ইকোলজি ডেট্রয়েট সাউথ-এর কার্যক্রম তদারকি এবং আবেদন পর্যালোচনার ক্ষেত্রে EGLE-র ভূমিকার অগ্রগতি সম্পর্কে অবগত থাকতে পারেন।

সভায় ফলপ্রসূভাবে অংশগ্রহণের জন্য ভাষাগত সহায়তা বা আবাসনের প্রয়োজন থাকা ব্যক্তিদের অ্যান্ড্রু বার্টাপেল-এর সঙ্গে 517-290-3813 নম্বরে যোগাযোগ করে ভাষাগত, চলাচল সম্পর্কিত, ভিজুয়াল, অনুবাদ, এবং/অথবা অন্যান্য সহায়তার জন্য অনুরোধ জানাতে হবে।

EGLE -এর কোনো কর্মসূচি বা ক্রিয়াকলাপের ব্যবস্থাপনার ক্ষেত্রে জাতি, লিঙ্গ, ধর্ম, বয়স, রাষ্ট্রীয় পরিচয়, গাত্রবর্ণ, বৈবাহিক অবস্থা, প্রতিবন্ধিত্ব, রাজনৈতিক বিশ্বাস, উচ্চতা, ওজন, জিনগত তথ্য, অথবা যৌন অভিমুখিতার ভিত্তিতে কোনরূপ বৈষম্য করে না, এবং প্রযোজ্য আইন ও বিধিমালার অধীনে ভীতিপ্রদর্শন এবং প্রতিশোধগ্রহণ নিষিদ্ধ করেছে [দেখুন EGLE নীতিমালা নম্বর. 09-024, EGLE কর্মসূচিতে বৈষম্যহীনতা]।

###